অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/24/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অগ্নি নিরাপদ ব্যাটারি প্রযুক্তি ব্যবহার করে দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রদর্শনী ঘোষণা করলেন

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, রকল্যান্ড কাউন্টি ভিত্তিক আর্বান ইলেকট্রিক পাওয়ার এবং EPRI ওয়েস্টচেস্টার কাউন্টিতে এবং SUNY ওয়ানোন্টাতে অগ্নি নিরাপদ স্টোরেজ প্রযুক্তির সম্ভবপরতা দেখানোর জন্য ফ্যাসিলিটি নির্মাণ করবে

মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের তহবিল নতুন প্রযুক্তিকে অগ্রসর করবে, বৈদ্যুতিক গ্রিডে নবায়নযোগ্য শক্তির আরো বিস্তৃত ব্যবহারকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে অগ্নি নিরাপদ ব্যাটারি প্রযুক্তি ব্যবহার করা একটি দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রদর্শনী প্রকল্পের জন্য নিউ ইয়র্ক স্টেট মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের (Department of Energy, DOE) তহবিল লাভ করবে। অধিক চাহিদার সময়কালে এবং চরম আবহাওয়ার পরিস্থিতিতে একটি স্থিতিশীল শক্তি সরবরাহ প্রদর্শন করার জন্য শহুরে এবং গ্রামীণ পরিবেশে প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে। আজকের ঘোষণাটি জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act, CLCPA) লক্ষ্যকে সমর্থন করে এবং 2030 সালের মধ্যে দেশসেরা ছয় গিগাওয়াট শক্তি স্টোরেজ অর্জন করার ব্যাপারে অগ্রগতি করে।

"নিরাপদ ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করে এমন শক্তি স্টোরেজ নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "অধিক সময়ের স্টোরেজ প্রদান করে এমন ইনস্টলেশনের মতো অত্যাধুনিক প্রকল্পকে সমর্থন করার মাধ্যমে আমরা নতুন প্রযুক্তিকে যাচাই করবো এবং কীভাবে গ্রিড স্টোরেজকে নিরাপদে এবং কার্যকরভাবে পুরো স্টেটের সম্প্রদায়সমূহে সংযুক্ত করা যায় তা প্রদর্শন করবো।"

প্রকল্পটি নির্মাণ করবে নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ (New York Power Authority, NYPA), রকল্যান্ড কাউন্টিভিত্তিক আর্বান ইলেকট্রিক পাওয়ার (Urban Electric Power, UEP) এবং বিদ্যুৎ শক্তি গবেষণা ইনস্টিটিউট (Electric Power Research Institute, EPRI), ভালহালাতে ওয়েস্টচেস্টার কাউন্টির গ্রাসল্যান্ডস রিজার্ভেশনে (Grasslands Reservation) একটি ইনস্টলেশন হবে এবং আরেকটি হবে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ওয়ানোন্টা ক্যাম্পাসে।

প্রকল্পটি DOE এর তহবিল পাওয়ার জন্য নির্বাচিত হয়েছে এই উদ্দেশ্য নিয়ে যে প্রভাবশালী দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ (long-duration energy storage, LDES) প্রদর্শন প্রকল্পের জন্য এটি অনুঘটক হিসেবে কাজ করবে যা 10-24 ঘণ্টার জন্য বিদ্যুৎ সরবরাহ করার ক্ষমতা রাখবে এবং লিথিয়াম-আয়ন সাধারণত

যে গতানুগতিক স্বল্পমেয়াদী সিস্টেমকে সমর্থন করতে পারে তা অতিক্রম করবে। তহবিলের 6.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি 13.1 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প ব্যয়ের অর্ধেক প্রদান করবে এবং অবকাঠামো বিনিয়োগ এবং কর্মসংস্থান আইনের (Infrastructure Investment and Jobs Act) মাধ্যমে এটি সম্ভব হয়েছে।

দেশের বৃহত্তম স্টেট ইউটিলিটি, বিদ্যুৎ কর্তৃপক্ষ পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তিতে দক্ষতা প্রদর্শন করেছে এবং আরো বৃহত্তর অভিযোজন অর্জন করার জন্য LDES সিস্টেমকে কারিগরি ও প্রাতিষ্ঠানিক প্রতিবন্ধকতা অতিক্রম করতে সাহায্য করার জন্য তারা পার্ল রিভারভিত্তিক একটি ব্যাটারি প্রস্তুতকারক, UEP এর সাথে অংশীদারিত্ব করবে। একটি স্বাধীন, অলাভজনক শক্তি গবেষণা ও বিকাশ (R&D) সংগঠন, EPRI। কারিগরি এবং শিল্পখাতের দক্ষতা এবং প্রযুক্তির প্রস্তুতি সম্পর্কে নির্দেশনা, নিরাপত্তা মূল্যায়ন, পরীক্ষা প্রটোকল তৈরি, প্রযুক্তি-অর্থ বিশ্লেষণ, পরিচালনার পরিকল্পনা, এবং সম্প্রদায়ের সুবিধার পরিকল্পনা প্রদান করছে।

নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিস্কল বলেন, "নবায়নযোগ্য উৎপাদনকে সংযুক্ত করতে সমর্থন করার জন্য প্রয়োজনীয় প্রযুক্তির বিকাশের সন্ধান এবং একই সাথে ব্যস্ততম চাহিদার সময়কালে বিদ্যুতের উপলভ্যতা নিশ্চিত করার ব্যাপারে বিদ্যুৎ কর্তৃপক্ষ নিবেদিত আছে। অত্যাধুনিক, দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রকল্পটির উদ্দেশ্য আরো নিরাপদ পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তির প্রদর্শন করা, যা নবায়নযোগ্য শক্তি সংস্থানে স্থানান্তর ত্বরান্বিত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বকে চিত্রিত করবে এবং গ্রাহকের চাহিদা পূরণে এইসব সিস্টেম ব্যবহার এবং বাণিজ্যিক সম্ভবপরতা যাচাই করবে।"

আর্বান ইলেকট্রিক পাওয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা সঞ্জয় ব্যানার্জি বলেন, "এইসব যুগান্তকারী প্রকল্পের জন্য শক্তি স্টোরেজ সমাধান প্রদান করতে পারা একটি সম্মানের বিষয়। দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজের চাহিদা বৃদ্ধি পাচ্ছে, ফলে UEP এর উদ্ভাবনী জিঙ্ক-ম্যাঙ্গানিজ প্রযুক্তি একটি ব্যয়সাশ্রয়ী এবং নিরাপদ বিকল্প হিসেবে গুরুত্ব পাচ্ছে। এই প্রকল্পসমূহ নিউ ইয়র্কের বিদ্যুৎ গ্রিডের স্থিতিস্থাপকতা উন্নত করবে এবং একটি টেকসই শক্তি ল্যান্ডস্কেপের জন্য জিঙ্ক ব্যাটারির অতি গুরুত্বপূর্ণ অবদানকে প্রদর্শন করবে।"

ইলেকট্রিক পাওয়ার রিসার্চ ইনস্টিটিউটের ইন্টিগ্রেটেড গ্রিড এবং এনার্জি সিস্টেমসের ভাইস প্রেসিডেন্ট ড্যানিয়েল ব্রুকস বলেন, "EPRI দীর্ঘদিন ধরে ব্যাটারি শক্তি স্টোরেজ নিরাপত্তা গবেষণা এবং ভোক্তাদেরকে নির্ভরযোগ্য, স্থিতিস্থাপক শক্তি প্রদানের প্রয়াসে সম্মুখসারিতে রয়েছে। এই প্রকল্পে অংশগ্রহণ করার জন্য, চরম আবহাওয়া এবং অধিক চাহিদার সময়ে নির্ভরযোগ্য বিদ্যুৎ প্রদান করার প্রয়াসে সহযোগীদের সাথে কাজ করার জন্য আমরা উন্মুখ।"

বিভিন্ন ভৌগলিক পরিবেশে ভিন ভিন লোড বৈশিষ্ট্যে সম্ভবপরতা প্রদর্শন কার জন্য দুইটি আঞ্চলিকভাবে বৈচিত্র্যময় সাইটে প্রযুক্তিটি ইন্সটল করা হচ্ছে। প্রত্যেক সিস্টেমে 300 কিলোওয়াটের হবে যেখানে 12 বা এর বেশি ঘণ্টার কার্যক্রম থাকবে এবং পিক শেভিং থেকে চাহিদার চার্জ হ্রাস করার মাধ্যমে বিদ্যুৎ বিল হ্রাস করার এর একটি সম্ভাবনা রয়েছে। SUNY ওয়ানোন্টা প্রকল্পটি এছাড়াও একটি আসন্ন অনসাইট সৌর প্রকল্পকে সমর্থন করবে, ক্যাম্পাসের দীর্ঘমেয়াদী পরিচ্ছন্ন শক্তি পরিকল্পনা অর্জনে সাহায্য করবে। প্রতি ক্যাম্পাসের নির্দিষ্ট সাইট অবস্থান কাজের প্রথম পর্যায়ের অংশ হিসেবে নির্ণীত করা হবে। নির্মাণকাজ শুরু হবে 2026 সালে এবং ফ্যাসিলিটিসমূহ 2028 সালে কার্যকর হবে।

প্রদর্শন সাইটসমূহের নিকটে কম সংস্থানসম্পন্ন সম্প্রদায়সমূহে শিক্ষা আউটরিচ কর্মসূচির মাধ্যমে বিদ্যুৎ কর্তৃপক্ষ স্টোরেজ প্রকল্পকে সমর্থন করবে। NYPA এর প্রতিষ্ঠিত পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচার কর্মসূচির মাধ্যমে একটি সম্প্রদায়ের সুবিধার পরিকল্পনাকে সমর্থন করবে যার মূল উদ্দেশ্য হবে

শিক্ষামূলক কর্মসূচি, বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত (STEM), ক্যারিয়ার, এবং কলেজের প্রস্তুতি প্রদান করা, এবং শক্তি স্টোরেজ সম্পর্কে প্রাপ্তবয়স্কদের শক্তি সাক্ষরতা কর্মশালা। একটি সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের কর্মগোষ্ঠী গঠন করা হবে যেখানে স্থানীয় স্কুল, সরকার, ইউনিভার্সিটি, কমিউনিটি কলেজ, এবং সম্প্রদায়ের সংগঠন জড়িত থাকবে। কর্মগোষ্ঠী এমন কর্মসূচির বিকাশ ও বাস্তবায়নে নেতৃত্ব দিবে যা সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদান করবে।

DOE অনুযায়ী, বর্তমানের শক্তি স্টোরেজ প্রযুক্তির মাত্রা পর্যাপ্তভাবে বৃদ্ধি করা হয়নি বা বিদ্যুৎ গ্রিডে নবায়নযোগ্য শক্তির বৃহত্তর ব্যবহার সমর্থনের জন্য এটি সাশ্রয়ী নয়। আরো স্বল্প মূল্যের দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ গ্রিডের নির্ভরযোগ্যতা ও স্থিতিস্থাপকতা বৃদ্ধি করতে পারে যাতে করে সকলের জন্য পরিচ্ছন্ন, নির্ভরযোগ্য, সাশ্রয়ী বিদ্যুৎ উপলভ্য করা যায়। নির্বাচিত প্রকল্পসমূহে এছাড়াও এই দশকের মধ্যে স্টোরেজ ব্যয় 90 শতাংশ হ্রাস করার DOE এর দেশব্যাপী লক্ষ্য অর্জন করতে সাহায্য করবে এবং পরিচ্ছন্ন শক্তি প্রস্তুতকরণ, ইনস্টলেশন এবং রক্ষণাবেক্ষণে দীর্ঘমেয়াদী, মানসম্পন্ন চাকরি তৈরির সম্ভাবনা প্রদর্শন করবে।

বায়ু ও সৌরশক্তির মতো নবায়নযোগ্য বিদ্যুতের উৎস নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুতের একটি ক্রমবর্ধমান অংশ প্রদান করছে, এবং যখন প্রয়োজন সর্বাধিক হবে তখন স্টোরেজ পরিচ্ছন্ন শক্তিকে উপলভ্য করবে। নিউ ইয়র্কের উদ্দেশ্য হলো 2030 সালের মধ্যে 6,000 মেগাওয়াট স্টোরেজ কার্যকর করা, ব্যাটারি নিরাপত্তা বিষয়ে সুপারিশ করার জন্য গভর্নর হোকল একটি আন্তঃএজেন্সি অগ্নি নিরাপদ কর্মগোষ্ঠী সমবেত করেছেন।

জিঙ্ক ব্যাটারি: নিরাপদ এবং অভ্যন্তরীণ ক্ষেত্রে উপলভ্য
প্রকল্পসমূহ বৃহৎ আকারের এবং দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ সিস্টেমে UEP এর জিঙ্ক ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড ব্যাটারির সম্ভবপরতা প্রদর্শন করবে। ব্যাটারিসমূহ স্বল্প মূল্যের এবং অভ্যন্তরীণ ক্ষেত্রে বিপুল পরিমাণে উপলভ্য, সহজেই বিদ্যমান সরবরাহের মাধ্যমে প্রদান করা যাবে ও ভূমিতে প্রচুর পাওয়া যায় এমন কাঁচামাল ব্যবহার করে একটি অগ্নি নিরাপদ রসায়নকে ব্যবহার করে, এবং UEP এর 75 শতাংশের বেশি কাঁচামাল বিক্রেতা মার্কিন যুক্তরাষ্ট্রের। ব্যাটারির রসায়ন গৃহস্থালির ব্যাটারির মতো একইরকম এবং লিথিয়াম-আয়ন ব্যাটারির অন্তর্নিহিত নিরাপত্তা ও সরবরাহ চেইন সমস্যা ছাড়া এর অনুরূপ পারফর্ম্যান্স প্রদান করবে বলে আশা করা যাচ্ছে।

একটি সফল প্রদর্শনীর ফলে UEP এর প্রযুক্তির বাজারে অভিযোজন সম্ভব হতে পারে যা প্রযুক্তির ঝুঁকি হ্রাস করবে এবং ব্যস্ততম সময়ের লোড চাহিদা হ্রাস করার মাধ্যমে গ্রিড অবকাঠামোর চাহিদা হ্রাস করবে। বিভিন্ন শক্তি স্টোরেজ ইনস্টলেশনে ক্ষুদ্রতর মাত্রায় ব্যাটারিকে সফলভাবে পাইলট করা হয়েছে।

SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "অত্যাধুনিক, দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রদর্শনী প্রকল্পের দুইটি সাইটের একটি হিসেবে নির্বাচিত হওয়ার জন্য SUNY ওয়ানোন্টাকে আমাদের অভিনন্দন, জলবায়ু স্থিতিস্থাপকতা প্রদান এবং ব্যবস্থাপনা সুবিধার চাহিদার ক্ষেত্রে প্রকল্পের সম্ভাবনা রয়েছে। ক্যাম্পাসের বিতরণ ব্যবস্থার সাথে সরাসরি এই প্রকল্পকে যুক্ত করা হলো আমাদের ক্যাম্পাসে টেকসই উপায়ে বিদ্যুৎ নিয়ে আসার নতুন পথ তৈরির জন্য, এবং পরিশেষে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনের জন্য SUNY কীভাবে আমাদের স্টেট ও ফেডারেল অংশীদারদের সাথে সহযোগিতা করছে তার আরো একটি উদাহরণ।"

SUNY ওয়ানোন্টার প্রেসিডেন্ট অ্যালবার্টো জে এফ কার্ডেল বলেন, "নিউ ইয়র্ক স্টেট এবং এর বাইরেও পরিবেশ সংক্রান্ত ভিশনারিদের সাথে অংশীদারিত্ব করতে SUNY ওয়ানোন্টা প্রতিশ্রুতিবদ্ধ। নতুন এই পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তিকে ধারণ করতে এবং অধ্যয়ন করতে আমাদের ক্যাম্পাসের ব্যবহার হলো আমাদের আঞ্চলিক শক্তি চাহিদার জন্য মাত্রা বৃদ্ধি করা যাবে এমন সমাধান গঠন, আমাদের

শিক্ষার্থী ও সম্প্রদায়ের জন্য শিক্ষামূলক কর্মসূচি প্রদান, এবং মোহক ভ্যালির মধ্যে নতুন অর্থনৈতিক বিকাশ প্রয়াসের সূচনা করার একটি মূল্যবান সুযোগ। এই অত্যাধুনিক উদ্যোগের কাজে লাগানো এবং এটিকে অগ্রসর করার সুযোগে SUNY জুড়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করার জন্য SUNY এর টেকসই দশা উপদেষ্টা পরিষদের (Sustainability Advisory Council) সহপ্রধান হিসেবে আমি উন্মুখ।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন, "নিউ ইয়র্কে দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রকল্পের মতো আকর্ষণীয় নতুন প্রযুক্তির ব্যাপারে গোপন উপকরণ হলো আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো এবং কর্মসংস্থান আইনের থেকে পাওয়া ফেডারেল বিনিয়োগ যা ব্যাটারি ও শক্তি স্টোরেজ উদ্ভাবনকে নিখুঁত করতে, পরিচ্ছন্ন শক্তিকে বিস্তৃত করতে এবং চাকরি তৈরি করতে শীর্ষমানের সরকারি ও বেসরকারি বিজ্ঞান ও গবেষণাকে বলীয়ান করছে, যেমন NYPA এবং রকল্যান্ডের আর্বান ইলেকট্রিক পাওয়ারের করা গবেষণা। শক্তির ব্যয়ও কম করতে পারবে এমন আরো উত্তম, আরো কার্যকর, আরো নিরাপদ ব্যাটারি স্টোরেজ প্রযুক্তি অপরিচ্ছন্ন জীবাশ্ম জ্বালানির উপর নির্ভরশীলতা হ্রাস করতে নিউ ইয়র্ককে সাহায্য করবে, অর্থনীতিতে ইন্ধন প্রদান করবে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধের লড়াইকে সমর্থন করবে। নিউ ইয়র্কে এই গুরুত্বপূর্ণ ফেডারেল বিনিয়োগ প্রদান করতে সাহায্য করতে পেরে আমি গর্বিত এবং এই ফেডারেল তহবিল যাতে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের জন্য ব্যবহৃত হয় তা নিশ্চিত করতে গভর্নর হোকলের কাজের জন্য কৃতজ্ঞ।"

সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমরা আমাদের আগ্রাসী জলবায়ু লক্ষ্য অর্জনে কাজ অব্যাহত রেখেছি, এই সময় অগ্নি নিরাপদ ব্যাটারি প্রযুক্তি ব্যবহার করা দীর্ঘমেয়াদী ব্যাটারি স্টোরেজের সমর্থনে মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের প্রদত্ত এই অনুদান নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ। ওয়েস্টচেস্টার কাউন্টির ভালহালার গ্রাসল্যান্ডস রিজার্ভেশন এবং SUNY ওয়ানোন্টাতে ইনস্টলেশন করার মাধ্যমে এই প্রকল্পটি দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজের সম্ভবপরতা প্রদর্শন করবে এবং আমরা নবায়নযোগ্য সংস্থানে আমাদের স্থানান্তর অব্যাহত রাখছি। অনুদানটি আমাদের সম্প্রদায়ের গ্রাহকদের বিদ্যুৎ বিল হ্রাস করার একটি সম্ভাবনা সৃষ্টি করে, যা শক্তির মূল্য অধিক থাকার এই সময়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ। টেকসই শক্তি সমাধান অগ্রসর করা এবং আমাদের স্টেটের শক্তি স্টোরেজ উন্নত করার জন্য গভর্নর হোকল ও আমাদের অংশীদারদের প্রতিশ্রুতির জন্য আমি তাদের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর পিটার ওবেরেকার বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগ থেকে এই অনুদান নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষকে আমার অভিনন্দন। দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজের মাধ্যমে আমাদের সম্প্রদায়সমূহের জন্য গ্রিডের নির্ভরযোগ্যতা উন্নত করার জন্য এটি একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ, এবং SUNY ওয়ানোন্টার ক্যাম্পাসে প্রকল্পের ইনস্টলেশন দেখতে আমি উন্মুখ।"

অ্যাসেম্বলি সদস্য ডিডি ব্যারেট বলেন, "দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ প্রদর্শনী প্রকল্পের অর্থায়নে 6.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদানের আজকের ঘোষণাটি হলো আমাদের পরিচ্ছন্ন শক্তি স্থানান্তরকে অগ্রসর করার জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ। এইসব অগ্নি নিরাপদ LDES প্রকল্পের 10-24 ঘণ্টা পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ করার সক্ষমতা থাকবে, যার ফলে আমরা যখন নবায়নযোগ্য শক্তির উৎসকে সম্প্রসারিত করছি তখন নিউ ইয়র্ক স্টেট গ্রিডের নির্ভরযোগ্যতা বজায় রাখতে পারবে। গুরুত্বপূর্ণ এই প্রকল্পে গভর্নর হোকল এবং মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগের সমর্থনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্রের শক্তি বিভাগ থেকে এই অনুদানটি নিশ্চিত করা একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ, আর্বান ইলেকট্রিক পাওয়ার, এবং ইলেকট্রিক পাওয়ার রিসার্চ ইনস্টিটিউটের মধ্যকার সহযোগিতার আমরা প্রশংসা করছি, যা শুধু

অত্যাধুনিক দীর্ঘমেয়াদী ব্যাটারি স্টোরেজ প্রযুক্তি তুলে ধরবে না, বরং এছাড়াও উদ্ভাবনী শক্তি সমাধানে নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে পাকাপোক্ত করবে। একটি ইনস্টলেশন SUNY ওয়ানোন্টাতে অবস্থিত, তাই আমরা উদাহরণ তৈরি করে নেতৃত্ব প্রদান করবো, গ্রিডের স্থিতিস্থাপকতা উন্নত করতে দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ যেই অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে তা প্রদর্শন করবো।"

অ্যাসেম্বলি সদস্য ম্যারিজেন শিমস্কি বলেন, "নিউ ইয়র্কের বিল্ড পাবলিক রিনিউয়েবলস আইনের লক্ষ্য অর্জন করার জন্য দীর্ঘমেয়াদী শক্তি স্টোরেজ মুখ্য। এছাড়াও এটি ব্যস্ততম সময়ের চাহিদাকে হ্রাস করার মাধ্যমে আমাদের বাসিন্দাদের জন্য কিছু ব্যয় হ্রাস করবে। আমরা আমাদের সবুজ শক্তি অবকাঠামো তৈরি করতে চাই, এবং গ্রাসল্যান্ড ক্যাম্পাস নতুন LDES প্রযুক্তি ও বিকাশের জন্য একটি আদর্শ সাইট হিসেবে কাজ করবে। আমাদের অঞ্চলে এই বিনিয়োগের জন্য গভর্নর হোকল এবং শক্তি বিভাগে আমাদের অংশীদারদের আমি ধন্যবাদ জানাচ্ছি।"

ওয়েস্টচেস্টার কাউন্টি নির্বাহী জর্জ ল্যাটিমার বলেন, "গ্রাসল্যান্ডস রিজার্ভেশনে এই প্রকল্পটি ধারণ করার মাধ্যমে ওয়েস্টচেস্টার কাউন্টি আরো নিরাপদ ও আরো পরিচ্ছন্ন শক্তির দিকে একটি অগ্রগামী ধাপ গ্রহণ করছে। অত্যাধুনিক দীর্ঘমেয়াদী স্টোরেজ উদ্যোগটি নবায়নযোগ্য সংস্থানের প্রতি আমাদের প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ, এটি গভর্নর ক্যাথি হোকলের অধীনে নিউ ইয়র্কের নেতৃত্বকে তুলে ধরে। বিদ্যুৎ কর্তৃপক্ষ, আর্বান ইলেকট্রিক পাওয়ার, এবং EPRI এর সাথে দলবদ্ধ হয়ে আমরা উদ্ভাবনকে অগ্রসর করছি, নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করছি এবং পরিবেশ সংক্রান্ত অগ্রগতি এবং শক্তি শিক্ষার ব্যাপারে আমাদের নিবেদনকে পাকাপোক্ত করছি। একত্রে আমরা আমাদের সম্প্রদায় এবং এর বাইরেও একটি টেকসই ভবিষ্যতের আকৃতি প্রদান করছি।"

ওয়ানোন্টা সিটির মেয়র মার্ক ড্রনেক বলেন, "স্টেট, SUNY ওয়ানোন্টা, এবং নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষের মধ্যকার এই সহযোগিতার সম্ভাবনার প্রতি আমাদের উৎসাহ আমি ওয়ানোন্টা সিটির পক্ষ থেকে ব্যক্ত করতে চাই। দীর্ঘমেয়াদী স্টোরেজ আমাদের নাগরিকদের জন্য ব্যয়সাশ্রয়ী সুবিধা প্রদান করতে পারে এবং একই সাথে এমন একটি শক্তি ধারণক্ষমতা নিশ্চিত করতে পারে যা অগণিত উপায়ে আমাদের সম্প্রদায়ের জন্য লাভজনক হবে। এটি জনগণের কল্যাণে অংশীদারিত্বের একটি দারুণ উদাহরণ এবং যারা এটিকে সম্ভব করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে ক্লিন এনার্জির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই ক্রান্তিকালীন সময়ের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে পুরো স্টেটে 61টি বৃহৎ আকারের নবায়নযোগ্য এবং ট্রান্সমিশন প্রকল্পে 28 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবনের নিঃসরণ হ্রাস করতে 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌরের মাত্রা বৃদ্ধি করতে 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার এবং 130টি প্রত্যয়িত জলবায়ু

স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), 500টির বেশি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণ নির্মূল করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে সাহায্য করার জন্য পুরো স্টেটের 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সম্প্রদায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ।

NYPA সম্পর্কে
NYPA হলো দেশের সর্ববৃহৎ সরকারি বিদ্যুৎ সংগঠন, এটি 17টি উৎপাদনকারী ফ্যাসিলিটি এবং 1,550 সার্কিট মাইলের বেশি ট্রান্সমিশন লাইনকে পরিচালনা করে। NYPA দ্বারা 80 শতাংশের বেশি বিদ্যুৎ পরিষ্কার রিনিউএবল হাইড্রোপাওয়ার উৎপন্ন করে। NYPA বন্ড বিক্রির মাধ্যমে এবং বিদ্যুতের বিক্রয়ের মাধ্যমে বৃহৎ অংশে অর্জিত আয় দ্বারা তার ক্রিয়াকলাপে অর্থায়ন করে। আরো তথ্যের জন্য www.nypa.gov দেখুন এবং টুইটার, ফেসবুক, ইন্সটাগ্রাম, টাম্বলার ও লিঙ্কডইন এ আমাদেরকে অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন